কুয়েটে ‘রাইটিং এটিএফ-সাব প্রজেক্ট প্রপোজাল’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী ‘রাইটিং এটিএফ-সাব প্রজেক্ট প্রপোজাল’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (৪ জানুয়ারি) সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ মাছুদ। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ রেজাউল করিম ও খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ শরীফুল আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি’র পরিচালক প্রফেসর ড. মোঃ আরিফুজ্জামান এবং সঞ্চালনা করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ নূর কুতুবুল আলম। কর্মশালায় একাডেমিক ট্রান্সফরমেশন ফান্ড (এটিএফ) এবং সাব-প্রজেক্ট প্রপোজাল (এসপিপি) বিষয়ে বিস্তারিত ধারণা দেওয়া হয়। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।